59

দৈনিক বাংলা

তারিখ 15 JUN 1996
পৃষ্ঠা ৫ কলাম ৮

# ৪ আগস্ট নগরে শিক্ষা সম্মেলন

আগামী ৪ থেকে ৮ আগস্ট রাজধানীতে ৫ দিনব্যাপী এক শিক্ষা সম্মেলন আহবান করা হয়েছে। এই লক্ষ্যে ইতিমধ্যে প্রাক্তন শিক্ষা সচিব কাজী ফজলুর রহমানকে সভাপতি এবং ব্র্যাকের নির্বাহী পরিচালক ফজলে হাসান আবেদ, নিউইয়র্কের ইউনিসেফের প্রধান কার্যালয়ের সহযোগী-পরিচালক ডঃ মনজুর আহমেদ, ইউনেস্কোর সাবেক উপদেষ্টা ডঃ একে জালাল উদ্দিন, সেন্টার ফর পলিসি ডায়ালগের নির্বাহী পরিচালক অধ্যাপক রেহমান সোবহান এবং গণশিক্ষা অভিযানের নির্বাহী পরিচালক ডঃ আবদুল্লাহ আলমুতি শরফুদ্দিনকে সদস্য করে একটি সাংগঠনিক কমিটি গঠন করা হয়েছে।

এই সম্মেলন ব্যবস্থাপনার জন্য ঢাকার ৫৩ মহাখালী, বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমী ভবনের দোতলায় একটি সচিবালয় স্থাপন করা হয়েছে। আগ্রহী যোগদানকারীদের উক্ত সচিবালয়ে যোগাযোগ করার অনুরোধ করা হয়েছে। খবর প্রেস বিজ্ঞপ্তির।